# ইউনিফর্ম পরে আ.লীগের অনুষ্ঠানে যোগদান, অবসরে অতিরিক্ত ডিআইজি মনিরুজ্জামান



অতিরিক্ত ডিআইজি মনিরুজ্জামান। ছবি: সংগৃহীত

ইউনিফর্ম পরিহিত অবস্থায় আওয়ামী লীগের একটি রাজনৈতিক অনুষ্ঠানে অংশ নেওয়ার অভিযোগে বিভাগীয় মামলায় শাস্তির অংশ হিসেবে অতিরিক্ত ডিআইজি মনিরুজ্জামানকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। ফলে তার স্বেচ্ছা অবসরের আবেদন নিষ্পত্তির আগেই প্রশাসনিকভাবে চাকরি থেকে অবসরে পাঠানো হলো।

এর আগে গত ১১ আগস্ট জমা দেওয়া স্বেচ্ছা অবসরের আবেদনে মনিরুজ্জামান লিখেছিলেন, বাহিনীতে আর চাকরি করা আমার জন্য কোনোভাবেই সমীচীন নয়। এ কারণে ১১ আগস্ট আমি পুলিশে আমার পদ থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণ করলাম।

আবেদনপত্রে তিনি বিগত আওয়ামী লীগ সরকারের সময় পুলিশের ভূমিকা নিয়েও কঠোর সমালোচনা করেন। গত এক দশকে বিভিন্ন সময়ে সরকারের মন্ত্রীদের অবৈধ রাজনৈতিক নির্দেশ এবং পুলিশের শীর্ষ কর্মকর্তাদের কঠোর ও অমানবিক আদেশ বাস্তবায়ন করতে গিয়ে মাঠপর্যায়ের সদস্যদের হাতে শিশু-কিশোরসহ বহু সাধারণ মানুষ প্রাণ হারিয়েছেন। এসব ঘটনার কারণে বাংলাদেশ পুলিশ সাধারণ মানুষের কাছে আস্থা হারিয়ে 'গণশত্রুতে' পরিণত হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। এ পরিস্থিতিতে মানুষের ঘৃণার পাত্র হয়ে বাহিনীতে চাকরি চালিয়ে যাওয়ার কোনো ইচ্ছা তার নেই বলেও আবেদনপত্রে উল্লেখ করেন।

ছাত্র-জনতার আন্দোলনের সময় তৎকালীন প্রশাসনের দমন-পীড়নকে তিনি দেশের ইতিহাসের 'নিষ্ঠুরতম ও কালো অধ্যায়' হিসেবে আখ্যায়িত করেন। তবে এসব বক্তব্য উল্লেখ করে স্বেচ্ছা অবসরের আবেদন করলেও সেটি নিষ্পত্তি হওয়ার আগেই পূর্বের অসদাচরণের অভিযোগে চলমান বিভাগীয় মামলায় শাস্তিস্বরূপ তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়।